ভারতে সর্বাধিক প্রচারিত প্রথম শ্রেণির বাংলা দৈনিক

# আনন্দবাজার পত্রিকা



নারীর হাতে ক্ষমতা মেনে নেওয়া সহজ?
চোখ রাখুন পত্রিকায়




স্ট্যালিনের তির, পাল্টা শাহের
সরগরম ভাষা-রাজনীতি ৮



ঢাকার রাস্তায় মিছিল নিষিদ্ধ জঙ্গি সংগঠনের
জঙ্গি-মুক্তিতে উদ্বিগ্ন দিল্লি ১৪, ১৬

'মানুষ' রোহিতে মোহিত গম্ভীর
নজর বাইশ গজে খেলা



epaper.anandabazar.com | কলকাতা ২৪ ফাল্গুন ১৪৩১ শনিবার ৮ মার্চ ২০২৫ শহর সংস্করণ ৭.০০ টাকা | ৩২ পাতা | XXCM



## 'যে রাধে, সে চুলও বাধে', এখন তারা সকল কাজে

**সঞ্জীব আচার্য্য**, কর্ণধার, সেরাম গ্রুপ, মোঃ 98300 12154

একটা সময় মনে করা হত মেয়েদের কাজ বিবাহ, সংসার-ধর্ম ও সন্তান প্রতিপালন। 'সন্তান উৎপাদনের যন্ত্র' থেকে সমাজে মেয়েদের স্বমহিমায় নিজেদের পরিচয়ে বাঁচার লড়াইকে কুর্নিশ জানিয়ে রাষ্ট্রপুঞ্জ ৮ মার্চ দিনটিকে নারী দিবস হিসেবে স্বীকৃতি দিয়েছে।

৮ মার্চে আন্তর্জাতিক নারী দিবস পালনের একটি ইতিহাস রয়েছে। ১৮৫৭ সাল। মজুরি বৈষম্য, কাজের অমানবিক পরিবেশের বিরুদ্ধে প্রতিবাদে নিউইয়র্ক শহরের রাস্তায় নামেন সুতো কারখানার মহিলা শ্রমিকেরা। সহ্য হয়নি পুরুষদের। ফলে লেঠেল বাহিনী হামলা চালায় মহিলাদের ওই মিছিলে। পরের ইতিহাস লেখেন জার্মান রাজনীতিবিদ তথা জার্মান কমিউনিস্ট পার্টির স্থপতিদের অন্যতম ডাকসাইটে নেত্রী ক্লারা জেটকিন। তাঁর নেতৃত্বেই নিউইয়র্কে ১৯০৯ সালের ২৮ ফেব্রুয়ারি সোশ্যাল ডেমোক্র্যাট নারী সংগঠন প্রথম আন্তর্জাতিক নারী সম্মেলন আয়োজন করে। রাষ্ট্রপুঞ্জের আনুষ্ঠানিক স্বীকৃতি আসে ১৯৭৫ সালে। তখন থেকেই প্রতি বছর নির্দিষ্ট একটি থিম নিয়ে এই দিনটিতে পালন করা হয় আন্তর্জাতিক নারী দিবস।